# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০

শ্রেণি : দশম

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

১। একসময় এদেশে বিরোধী দলীয় নেতাদের পক্ষ থেকে একজন রাজনৈতিক সংস্কারের জন্য প্রস্তাব উত্থাপন করেন। আমেরিকার যুক্তরাষ্ট্রের পদ্ধতির মতো মাত্র দেশরক্ষা ও বৈদেশিক সম্পর্ক বাদে সকল ক্ষমতা অঙ্গরাজ্যগুলোকে প্রদান করার জন্য তিনি দাবি জানান। এমন কি তাঁর দাবির মধ্যে নিরাপত্তার জন্য রাজ্যগুলো সীমিত পরিসরে নিজস্ব বাহিনী গঠন করতে পারবে বলে দাবি জানান।

ক. কত সালে বাংলাদেশ কমনওয়েলথ-এর সদস্য হয়? ১

খ. গণপরিষদ বলতে কী বোঝায়? ২

গ. উল্লিখিত ঘটনা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের কোন ঘটনার সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত দাবি বাঙালির জাতীয় চেতনার মূলে বিস্ফোরণ ঘটায়? যুক্তিসহ লেখ। ৪

২। এক ঐতিহাসিক দিনে জামান সাহেব তার পরিবারের সদস্যদের সাথে টিভি দেখছিলেন। টিভির পর্দায় একজন নেতার বলিষ্ঠ কণ্ঠে উচ্চারিত হচ্ছিল, "প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোল ……!" জামান সাহেব বললেন, "এই ভাষণটি ছিল আমাদের স্বাধীনতার দিক নির্দেশক।"

ক. কার নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' গঠিত হয়েছিল? ১

খ. 'যুক্তফ্রন্ট' গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ভাষণের পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ. জামান সাহেবের বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩। শিহাব সন্ধ্যায় আকাশে একটি তারাকে জ্বলজ্বল করতে দেখল। সে মামার কাছে জানল, এটি তারা নয় এটি আমাদের নিকটবর্তী একটি গ্রহ। মামা আরো বললেন, সৌরজগতে একটি গ্রহ আছে যার ৩টি বলয় রয়েছে।

ক. সৌরজগতের বৃহত্তম গ্রহটির নাম লেখ। ১

খ. দুটি স্থানের সময়ের ব্যবধান ২ ঘণ্টা ৩২ মিনিট হলে দ্রাঘিমার ব্যবধান কত হবে? ২

গ. শিহাবের দেখা গ্রহটির বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত শেষ গ্রহটির বৈশিষ্ট্য বিশ্লেষণ কর। ৪

৪। জনসন কোনো এক সময় ভ্রমণ করেছিলেন পৃথিবীর অন্যতম বৃহৎ ব-দ্বীপ বাংলাদেশে। তিনি এখানকার বৈচিত্র্যময় ভূ-প্রাকৃতিক নৈসর্গ দেখে মুগ্ধ ও বিস্মিত হয়ে যান। এখানকার সামান্য পাহাড়ি অঞ্চল সীমিত উঁচু ভূমি এবং নদীবিধৌত বিশাল সমভূমি এবং সর্বোপরি এখানকার মানুষের আতিথেয়তা তাকে আবেগে আপ্লুত করে।

ক. বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়সমূহের গড় উচ্চতা কত মিটার? ১

খ. মায়ানমারের গ্রীষ্মকালের বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব-দ্বীপের ভৌগোলিক অবস্থান ও সীমানার বর্ণনা দাও। ৩

ঘ. 'এখানকার ভূ-প্রাকৃতিক গঠন বৈচিত্র্যময়'--বিশ্লেষণ কর। ৪

৫। আজগর মিয়া একজন কৃষক। সে তার পৈতৃক জমিগুলোতে চাষাবাদ করে কোনোরকমে তার সংসার নিয়ে বেঁচে আছে। কিন্তু ইদানীং পানির অভাবে সে আর আগের মতো ফসল ফলাতে পারছে না। কারণ তার এলাকায় যে নদীটিকে কেন্দ্র করে কৃষিকাজ চলত সেই নদীটি শুকিয়ে গেছে।

ক. বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদী কোনটি? ১

খ. 'একই নদীর দুই নাম'-- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে পানির অভাবের কারণ ও সমাধানের পদক্ষেপ উল্লেখ কর। ৩

ঘ. বাংলাদেশের মানুষের জীবনযাত্রা, যাতায়াত এবং বাণিজ্যে নদীর প্রভাব-- বিশ্লেষণ কর। ৪

৬। রাসেল সাহেব একজন শিক্ষক মানুষ। তিনি সন্তানদের শিক্ষিত করা, সততার সাথে ভোটদান এবং মানবতার সেবায় এগিয়ে আসার জন্য উৎসাহ দেন। এছাড়া তিনি রাষ্ট্রের প্রতি অনুগত, আইন মান্য ও কর প্রদান করেন। সাধারণ জনগণকে তিনি আইনগত কর্তব্য পালনে উৎসাহ দেন।

ক. Citizen বা নাগরিক শব্দটির উৎপত্তি হয় কোথা থেকে? ১

খ. অধিকার ও কর্তব্যের সম্পর্ক ঘনিষ্ঠ-- ব্যাখ্যা কর। ২

গ. রাসেল সাহেবের মনে কোন ধরনের কর্তব্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর রাসেল সাহেবের মতো সকলের আইনগত কর্তব্য পালন করা উচিত? যুক্তি দাও। ৪

৭। সজীবের জীবনের সবচেয়ে স্মরণীয় দিন হলো যেদিন সে তার দেশের সরকার প্রধানের সাথে সাক্ষাৎলাভ করেছিল। তার দেশটি গণতান্ত্রিক এবং এই সরকারপ্রধানই প্রধান নির্বাহী কর্মকর্তা। তাকে কেন্দ্র করেই শাসন ক্ষমতা পরিচালিত হয়।

ক. কোন সরকারব্যবস্থায় রাষ্ট্রপতি দেশের নিয়মতান্ত্রিক প্রধান? ১

খ. রাষ্ট্রপতির জরুরি ক্ষমতা বলতে কী বোঝায়? ২

গ. রানার সাথে যার সাক্ষাৎ ঘটেছিল তার ক্ষমতা ও কার্যাবলি বিশ্লেষণ কর। ৩

ঘ. 'সজীবের কাঙ্ক্ষিত ব্যক্তি প্রধান নির্বাহী কর্মকর্তা হলেও নির্দিষ্ট সংস্থার আস্থা হারালে তাকেও পদত্যাগ করতে হয়'- বিশ্লেষণ কর। ৪

৮। সমাজের বিশিষ্ট অর্থনীতিবিদদের নিয়ে আয়োজিত সেমিনারে টেকসই উন্নয়ন অভীষ্ট সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথম বক্তা অভীষ্ট অর্জনে একটি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে, যার দ্বারা উন্নয়নের গতিধারা অব্যাহত থাকে। অন্যদিকে দ্বিতীয় বক্তা বলেন, 'এসডিজি অর্জনে সরকারের পাশাপাশি বেসরকারি খাতকে এগিয়ে আসতে হবে।'

ক. এসডিজি অর্জনে কীভাবে কাজ করতে হবে? ১

খ. উন্নয়নের ফলাফল কীভাবে কাঙ্ক্ষিত মানের হতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম বক্তা এসডিজি অর্জনে কোন বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. দ্বিতীয় বক্তার উক্তিটির যৌক্তিকতা তুলে ধর। ৪

৯। 'ক' ও 'খ' পাশাপাশি দুটি রাষ্ট্র। 'ক' রাষ্ট্রের জনগণ যার-যার ইচ্ছামতো কাজ করে। উৎপাদন ও ভোগের ক্ষেত্রে তারা স্বাধীন। এসব ব্যাপারে রাষ্ট্র কোনো ধরনের হস্তক্ষেপ করে না। কিন্তু 'খ' রাষ্ট্রে এর ঠিক বিপরীত অবস্থা বিদ্যমান।

ক. উপযোগ কী? ১

খ. ইসলামি অর্থনৈতিক ব্যবস্থা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'খ' রাষ্ট্রে কোন ধরনের অর্থনৈতিক অবস্থা বিদ্যমান? তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'ক' এবং 'খ' রাষ্ট্রের মধ্যকার অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে কার্যকর বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

১০। বাংলাদেশ সরকার সেনাবাহিনীতে চাকরিরত জনবলের জন্য বিভিন্ন প্রয়োজনীয় উপকরণ বিদেশ থেকে আমদানি করে। এর জন্য প্রয়োজন হয় প্রচুর অর্থের। এ ছাড়াও দেশের বিভিন্ন স্তরে সরকারি কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতা প্রদান করতে সরকারকে বাজেটের বিশাল অংশ গুনতে হয়।

ক. VAT-এর পূর্ণরূপ কী? ১

খ. কর রাজস্বের 'আবগারি শুল্ক' উৎসটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বাংলাদেশ সরকারের ব্যয়ের যে খাতগুলোর কথা উল্লেখ রয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের বিষয়গুলো ছাড়াও বাংলাদেশ সরকার বেসামরিক গণপূর্ত, বৈদেশিক বিষয়াবলি, অবসর ভাতা প্রদানে ব্যাপক অর্থ ব্যয় করে থাকে- বিশ্লেষণ কর। ৪

১১। কাজীহাটা গ্রামে চুরি করতে এসে ধরা পড়ে ১২-১৬ বছরের চারজন কিশোর। এদের কাছে পিস্তলসহ দেশীয় অস্ত্র ও মাদকদ্রব্য পাওয়া যায়। জিজ্ঞাসাবাদকালে তারা জানায় অনেকদিন যাবৎ তারা বিভিন্ন বাসাবাড়ি, রাস্তাঘাটে, মার্কেটে চুরি ছিনতাইসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ড করে আসছে। এছাড়া তারা মাদক সেবনে অভ্যস্ত।

ক. দুর্নীতির শাব্দিক অর্থ কী? ১

খ. এইডস সংক্রমণ হয় কীভাবে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সামাজিক সমস্যার কারণগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আইনি ব্যবস্থার সুষ্ঠু প্রয়োগের সাথে সামাজিক সচেতনতাই উক্ত অপরাধ নিরসনে মুখ্য ভূমিকা পালন করতে পারে'- বক্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪